

# স্থগিত এসএসসি পরীক্ষা ২৩মের পর : শিক্ষামন্ত্রী

নিজস্ব বার্তা পরিবেশক :

: সোমবার, ১৫ মে ২০২৩



ঘূর্ণিঝড়ের কারণে স্থগিত হওয়া এসএসসি পরীক্ষা ২৩ মের পর হবে বলে  
জানিয়েছেন শিক্ষামন্ত্রী দীপু মনি।

সোমবার (১৫ মে) সকালে রাজধানীর সরকারি টিচার্স কলেজে এক  
অনুষ্ঠানে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি এ তথ্য জানান।

শিক্ষামন্ত্রী বলেন, সব লিখিত পরীক্ষা শেষ হলেই স্থগিত হওয়া এসএসসি ও সমমানের পরীক্ষাগুলোর তারিখ নির্ধারণ করা হবে। অর্থাৎ, আগামী ২৩ মে'র পর স্থগিত পরীক্ষার তারিখ ও সময় জানিয়ে দেওয়া হবে।

তিনি বলেন, নতুন শিক্ষাক্রমের মাধ্যমে শিক্ষার্থীদের মেধার বিকাশ ঘটানো হবে। যার যেদিকে মেধা তাকে সেভাবেই গড়ে তোলার লক্ষ্য নতুন শিক্ষাক্রম।

উল্লেখ্য, গত ৩০ এপ্রিল থেকে সারাদেশে এসএসসি ও সমমানের পরীক্ষা  
শুরু হয়। কিন্তু মাঝে ঘূর্ণিঝড় মোখার কারণে ১৪ ও ১৫ মে'র পরীক্ষা  
স্থগিত করা হয়।